

এক ব্যক্তি চার শিক্ষা প্রতিষ্ঠানের সভাপতি

মন্ত্রণালয়-মাউশিতে অভিযোগ

নিজস্ব প্রতিবেদক >

বিধি ভঙ্গ করে জামালপুরের দেওয়ানগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান আবুল কালাম আজাদ চারটি শিক্ষাপ্রতিষ্ঠানের সভাপতি হয়েছেন। গত বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরে (মাউশি) এ ব্যাপারে অভিযোগ জমা পড়েছে।

মো. আবদুর রাক্কাক স্বাক্ষরিত অভিযোগপত্রে বলা হয়, বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের পূর্নসিং বডিং ও ম্যানেজিং কমিটি প্রবিধিমালা ২০০৯-এর ৮/৩ ধারা অনুযায়ী একজন ব্যক্তি দুটি শিক্ষাপ্রতিষ্ঠানের বেশি সভাপতির দায়িত্ব পালন করতে পারবেন না। কিন্তু দেওয়ানগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান ক্ষমতার দাপটে চারটি শিক্ষাপ্রতিষ্ঠানের সভাপতির দায়িত্ব পালন করছেন। প্রতিষ্ঠানগুলো হলো—জামালপুরের দেওয়ানগঞ্জ কামিল মাদ্রাসা, বাংলাদেশ রেলওয়ে উচ্চ বিদ্যালয়, চরভবন্তর সাহাব উদ্দিন উচ্চ বিদ্যালয় এবং প্রদোতনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়।